# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬১১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ ، نَا مُعَاوِيَةُ ، نَا زَائِدَةُ ، ح : وَحَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، حَدَّثَنِي يُوسُفُ بْنُ سَعِيدٍ ، حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ ، نَا زَائِدَةُ ، عَنْ هِشَامٍ ، عَنْ حَفْصَةَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ : " قَالَ جَاءَ رَجُلٌ فِي بَصَرِهِ سُوءٌ ، فَدَخَلَ الْمَسْجِدَ ، وَرَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يُصَلِّي ، فَتَرَدَّى فِي حُفْرَةٍ كَانَتْ فِي الْمَسْجِدِ ؛ فَضَحِكَ طَوَائِفُ مِنْهُمْ ، فَلَمَّا قَضَى صَلَاتَهُ أَمَرَ مَنْ كَانَ ضَحِكَ أَنْ يُعِيدَ الْوُضُوءَ وَالصَّلَاةَ

বাংলা

৬১১(৩৫). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আবুল আলিয়া (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ত্রুটিযুক্ত দৃষ্টিশক্তিসম্পন্ন এক ব্যক্তি এলো এবং মসজিদে প্রবেশ করলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন নামায পড়ছিলেন। সে মসজিদের ভেতরে একটি গর্তে পড়ে গেল। তাতে (নামাযরত) কতক লোক হেসে দিলো। যারা হেসেছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযশেষে তাদেরকে পুনরায় উযু করার এবং নামায পড়ার নির্দেশ দিলেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবুল আলীয়া (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80400

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন